# এনফোর্সমেন্ট বুলেটিন

(আগস্ট, ২০২৫)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন

**নির্দেশনায়**
**ড. মোঃ কামরুজ্জামান,** *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**
**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**সৈয়দ আহম্মদ কবীর**

**উপপরিচালক**
**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০২৫

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় আগস্ট/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগস্ট/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৯৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬৯১ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫৯,১২,৮০০/- (উনষাট লক্ষ বারো হাজার আটশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৮২৭৮৬.৯৪ কেজি পলিথিন ও ৪৭৩ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৯৯ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৪,৭৩,৪৯,৯৬০/- (চার কোটি তিয়াত্তর লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত ষাট) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ২৯ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকি-উটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় আগস্ট/২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক আগস্ট/২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | আগস্ট/২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৫ |
| ৪ | আগস্ট/২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় আগস্ট/২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

আগস্ট/২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২৯৯ (দুইশত নিরানব্বই) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪,৭৩,৪৯,৯৬০/- (চার কোটি তিয়াত্তর লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত ষাট) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,৫৬,০৮,৬৮৮/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ আট হাজার ছয়শত আটাশি) টাকা আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:**
মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস'া গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:**
মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক আগস্ট ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম ঃ










*চিত্র: আগস্ট/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০৩ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার স্টার কিউর মেডিকেল সেন্টার কে ২৫ হাজার টাকা; বুস্কাই হেলথ লিমিটেড কে ২৫ হাজার টাকা; স্বাধীন ট্যানারী কে ১০ লক্ষ টাকা; রংপুর জেলার সেবা হসপিটাল কে ৩৫ হাজার টাকা; নিউ সেবা প্যাথলজি এন্ড আল্ট্রা সাউন্ড কে ২৫ হাজার টাকা; গাইবান্ধা জেলার মেসার্স মা বাবার দোয়া ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মেসার্স কে এন এম ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মেসার্স ওহি জুটস ফাইবার্স কে ৭৫ হাজার টাকা; নরসিংদী জেলার ক্রিয়েশন প্রাইভেট লিঃ কে ৩৯ হাজার ৪২৪ টাকা; টাংগাইল জেলার মালিহা পলিটেক্স ফাইবার কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬ (ক) ধারা লংঘন করায় খুলনা ও সিরাজগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট ও লালবাগ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৫৫০০ কেজি পলিথিন জব্দ করা হয়। তারিখে বায়ু দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুযায়ী নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের পশ্চিম আগারগাঁও এবং রমনা এলাকায় ২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩টি মামলার ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। টাংগাইল জেলায় ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০১ টি অবৈধ সীসা ব্যাটারীর কারখানা ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয় ।





**০৪ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ফরচুন জিপার লিমিটেড কে ২ লক্ষ ৯৪ হাজার ৩০০ টাকা; হ্যানয় ফুডস লিঃ কে ৪০ হাজার টাকা; গাজীপুর জেলার মেরিকো বাংলাদেশ কে ২০ হাজার ৮৮০ টাকা; ডেনিম ক্রিয়েশন কে ৮৩ হাজার ২০০ টাকা; এসকে ডিজাইন বিডি লিঃ কে ৫৯ হাজার ৪০০ টাকা; কিশোরগঞ্জ জেলার মেসার্স ইব্রাহিম এন্টারপ্রাইজ কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ প্রদান; বগুড়া জেলার মেসার্স বাংলা ব্রিকস কে ৫ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার মেসার্স আশামনি প্রিন্টার্স ইন্ডাঃ কে ২ লক্ষ ৩৬ হাজার ৮০০ টাকা এবং মেসাস্ সানলাইট ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাঃ কে ৩ লক্ষ ৭৭ হাজার ১০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ঢাকা মহানগরের মিরপুর-০১ এবং নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং চকবাজার ইমামগঞ্জ, সোয়ারিঘাট ও লালবাগ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৪ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নীলফামারী ও কিশোরগঞ্জ জেলায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বির‍ুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা নূন্যতম ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৬ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ট্রিসান ট্রিমস লিঃ কে ৩০ হাজার ৭৩০ টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স নিউ এস বি ব্রিকস (জিগজ্যাগ) কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মেসার্স আর এ এইচ ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার তানভীর এগ্রো ফার্ম কে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার বেসিক শার্টস লিঃ কে ১০ হাজার টাকা; বায়ো ফার্মা লিঃ কে ৫ হাজার ৪৮০ টাকা; নারায়ণগঞ্জ জেলার পারসিয়ান পেইন্ট কে পরিবেশগত ছাড়পত্র গ্রহনের নির্দেশ; চাঁদ ডাইং এন্ড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিঃ কে ১ লক্ষ ৩৬ হাজার ৮০০ টাকা; নাফিয়া নীটওয়্যার লিমিটেড কে ১৩ লক্ষ ৩২ হাজার টাকা এবং সিম ফেব্রিক্স লিঃ কে ১৪ লক্ষ ০৪ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ, পিরোজপুর, কক্সবাজার ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ, খিলগাঁও, বাসাবো এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং খিলগাঁও, বাসাবো এলাকায় রেকি, লিফলেট বিতরণ ও জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৪৮৭১ কেজি পলিথিন জব্দ করা হয়। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশক্রমে বায়ু দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুযায়ী নির্মাণ সামগ্রী ও বালু ব্যবসা দ্বারা বায়ুদূষণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রোড নম্বর- ৫/৬/৭, ব ক-সি, ঢাকা উদ্যান, মোহাম্মদপুর (তুরাগ নদীর তীরবর্তী) এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে উক্ত এলাকার বালু ব্যবসায়ীদের সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শেরেবাংলানগর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৭ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ট্রিম এন্ড টোন ফার্নিচার ইন্ডাস্ট্রিজ কে ৫০ হাজার টাকা; থাইরয়েড ক্লিনিক কে ৩০ হাজার টাকা; নিয়ারা ক্রাফটস লিমিটেড কে ৫০ হাজার টাকা; হারভেস্ট এগ্রোভেট লিঃ কে ৫০ হাজার টাকা; ইউনিকেম পলিমার ল্যাব এন্ড ইন্ডাস্ট্রিয়াল কোম্পানী কে পরিবেশগত ছাড়পত্র নবায়ন গ্রহনের নির্দেশ; ডি এন মেডিকেল সার্ভিসেস কে ৮ লক্ষ টাকা; খুলনা জেলার রুকাইয়া অয়েল মিল কে ৩০ হাজার টাকা; জয় পোল্ট্রি ফার্ম কে ২০ হাজার টাকা এবং কিশোরগঞ্জ জেলার কনফিডেন্স ক্রিয়েটরস কে ৩৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নোয়াখালী ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ জন পলিথিন ব্যবসায়ী কে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয় এবং ২৫৮৫ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ু দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুযায়ী নির্মাণ সামগ্রী ও বালু ব্যবসা দ্বারা বায়ুদূষণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর ও ঢাকা মহানগরের মিরপুর ও রামপুরা এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১,৩৩,০০০/- (এক লক্ষ তেত্রিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বগুড়া জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**১০ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে দিনাজপুর জেলার ওয়ান ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; ডক্টরস ডায়াগনস্টিক কমপ্লেক্স কে ১৫ হাজার টাকা; গাজীপুর জেলার মীর সিরামিকস ইন্ডাঃ লিঃ কে ২ লক্ষ ৩৪ হাজার ৫০০ টাকা; পশমী সুয়েটারস লিঃ কে ১ লক্ষ ৭৩ হাজার ৭৬০ টাকা; মাসকম কম্পোজিট লিঃ কে ১ লক্ষ ৮৯ হাজার টাকা এবং কাশেম ফুড প্রেডাক্টস লিঃ কে ৩১ হাজার ৮৬০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ, বান্দরবান, যশোর, সুনামগঞ্জ ও ঢাকা মহানগরের মোহাম্মদপুর এবং ঢাকা উদ্যান এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৫,৫০০/- (পঁচিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ জন পলিথিন ব্যবসায়ী কে ০৭ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয় এবং ১৪৫২ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ, মেহেরপুর ও নওগাঁ জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৩ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রমনা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ২০,০০০/- (বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী অবৈধ সীসা/ব্যাটারী কারখানার বিরুদ্ধে ঢাকা জেলার দক্ষিণ কেরাণীগঞ্জ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**১১ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে মাগুরা জেলার আসিফ ফোম কে ৩০ হাজার টাকা; দিনাজপুর জেলার পপুলার ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; গাইবান্ধা জেলার মেডিপ্যাথ ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; মর্ডাণ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; কুড়িগ্রাম জেলার জান্নাত ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; আয়শা ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; রংপুর জেলার আরোগ্য ক্লিনিক কে ৫০ হাজার টাকা; একটিভ হাসপাতাল কে ৩৫ হাজার টাকা এবং মর্ডাণ ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, যশোর, কুমিল্লা, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২৪ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, চাঁদপুর ও চট্টগ্রাম জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৮,০০০/- (আঠার হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী পরিবেশগত ছাড়পত্রবিহীন অবৈধ প্লাস্টিক কারখানার বিরুদ্ধে চট্টগ্রাম জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় ।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**১২ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ময়মনসিংহ জেলার মেসার্স ভাই ভাই ব্রিকস কে ৫ লক্ষ টাকা; মেসার্স আলী ব্রিকস কে ৫ লক্ষ টাকা; নীলফামারী জেলার নীলফামারী ডায়াবেটিস হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক কে ১০ হাজার টাকা; নীলফামারী ক্লিনিক এন্ড নার্সিং হোম কে ৩০ হাজার টাকা; জয়পুরহাট জেলার আইডল এগ্রো ইন্ডাস্ট্রিজ কে ৩০ হাজার টাকা; লালমনিরহাট জেলার লামিয়া ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; পঞ্চগড় জেলার লাইফ কেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা এবং রংপুর জেলার ইমপালস কেয়ার হাসপাতাল কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম, বান্দরবান ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বার হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২০৫ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, কুড়িগ্রাম, মানিকগঞ্জ ও গাজীপুর জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৩ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২৩,০০০/- (তেইশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে কুড়িগ্রাম ও ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২টি মামলার মাধ্যেমে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





**১৩ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে দিনাজপুর জেলার মেসার্স এইচ কে শুভ ব্রিকস (জিগজ্যাগ প্রযুক্তি) কে ৫ লক্ষ টাকা; গাজীপুর জেলার মেসার্স এল বি এম ব্রিকস-০২ কে ৫ লক্ষ টাকা; মেসার্স এ জে এম ব্রিকস কে ৫ লক্ষ টাকা; কিশোরগঞ্জ জেলার রূপসী বাংলা ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; ঢাকা জেলার ভুলুয়া ট্যানারী কে পরিবেশগত ছাড়পত্র নবায়ন গ্রহনের নির্দেশ এবং নারায়ণগঞ্জ জেলার মেসার্স এ এ বি ব্রিকস কে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১,০০,০০০/- (এক লক্ষ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং প্রতিষ্ঠানটির বিদ্যুৎ সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৫ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ২০,০০০/- (বিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**১৪ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ, রাজবাড়ী ও শরীয়তপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১ টি মামলার মাধ্যমে ৬,২০,২০০/- (ছয় লক্ষ বিশ হাজার দুইশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩টি প্রতিষ্ঠানের বিদ্যুৎ সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয় ও ১৩,০২৬ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাগেরহাট, লালমনিরহাট, মানিকগঞ্জ জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শাহবাগ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বারো হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। অবৈধ ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান ও কিশোরগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪টি অবৈধ ইটভাটা ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়।





**১৭ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার মেসার্স এ এফ টি ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; দিনাজপুর জেলার মেসার্স বারী ব্রিকস (জিগজ্যাগ প্রযুক্তি) কে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা এবং মেসার্স এম এস ব্রিকস কে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০০ (পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ কেজি পলিথিন জব্দ করা হয় এবং ইমামগঞ্জ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয়। রেকি কার্যক্রম পরিচালনাকালে উক্ত এলাকায় কোন নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাতকরণ করতে দেখা যায়নি। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৪,০০০/- (চৌদ্দ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের আদাবর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা নূন্যতম ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৮ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক মাগুরা, মুন্সীগঞ্জ ও নোয়াখালী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৬,৬৮,০০০/- (ছয় লক্ষ আটষট্টি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৪৫০১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চুয়াডাঙ্গা, নীলফামারী, শেরপুর, ঝিনাইদহ, রাজবাড়ী ও ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৭ টি মামলার মাধ্যমে ২২,৭০০/- (বাইশ হাজার সাতশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয় এবং কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





**১৯ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার গুডরিচ সোয়েটার লিঃ কে ৩৯ হাজার ২০০ টাকা; মারমা এক্সেসরিজ এন্ড গার্মেন্টস প্রিন্টিং লিঃ কে ১৬ হাজার ৬৮০ টাকা; রেডিসন লন্ড্রী ইন্ডাঃ লিঃ কে ৮৯ হাজার ৬০০ টাকা; হলি ল্যাব হেলথ কেয়ার কে ২০ হাজার টাকা; দি ওয়েস্টিন ঢাকা কে ৫ লক্ষ ১৩ হাজার টাকা; ময়মনসিংহ জেলার ইউনিভার্সাল ডেনিমস লিমিটেড কে ১ লক্ষ ৪ হাজার ৪৪৮ টাকা; এপারেল ওয়েট প্রসেসিং লিঃ কে ৩ লক্ষ ১৮ হাজার ৬০০ টাকা; গাজীপুর জেলার ইফা প্রিন্টিং লিঃ কে ৭ হাজার ৪৪৮ টাকা; কে এম নোবেলী গার্মেন্টস লিমিটেড কে ১ লক্ষ ৮০ হাজার টাকা; ব্লু সীল টেক্সটাইল লিঃ কে ৩৩ লক্ষ ২৪ হাজার টাকা; দিশারী ওয়াশিং প্লান্ট লিঃ কে ৯ লক্ষ ৪০ হাজার ৮০০ টাকা; ইনক্রেডিবল ফ্যাশনস লিমিটেড কে ২০ হাজার ২৪০ টাকা; মানিকগঞ্জ জেলার এভারলাইফ ব্যাটারী রি-সাইকেলিং এন্ড ম্যানুফ্যাকচারিং কোং লিঃ কে ৪৮ হাজার ৪০০ টাকা; নারায়ণগঞ্জ জেলার মেসার্স রুপনগর ডাইং এন্ড প্রিন্টিং প্রসেসিং মিলস কে ১৭ হাজার ৪৪০ টাকা এবং দিনাজপুর জেলার ওয়ান জেনারেল হাসপাতাল কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক যশোর ও ঢাকা মহানগরের চকবাজার ও শান্তিনগর এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১,০১,০০০/- (এক লক্ষ এক হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২২০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কক্সবাজার, পঞ্চগড়, রংপুর, রাজবাড়ী, নারায়ণগঞ্জ ও ঢাকা জেলার কেরানীগঞ্জ এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৯ টি মামলার মাধ্যমে ২৬,৮০০/- (ছাব্বিশ হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয় । যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড় ও ঢাকা মহানগরের বনশ্রী ও রামপুরা এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩টি মামলার মাধ্যমে ৩১,০০০/- (একত্রিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২০ আগস্ট ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার তাজ নীটিং ইন্ডাঃ লিঃ কে ১ লক্ষ ২৭ হাজার ২০০ টাকা; ক্যাং ইউয়ান ইন্টারন্যাশনাল ফুড কোম্পানী লিমিটেড কে ১ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার ফেইম এ্যাপারেলস লিঃ কে ৫০ হাজার টাকা; জাবের সাইজিং মিলস কে ৫০ হাজার টাকা; বেবী সাইজিং মিলস কে ৫০ হাজার টাকা; টাংগাইল জেলার মন্ডল স্পিনিং মিলস লিঃ কে সতর্ক করা হয় এবং নরসিংদী জেলার আবেদ টেক্সটাইল প্রসেসিং মিলস লিমিটেড কে ১৩ লক্ষ ১০ হাজার ৪০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ভোলা, ফরিদপুর, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের মিরপুর-১ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০৬৩১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে গোপালগঞ্জ ও ঢাকা মহানগরের উত্তরা এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যেমে ৮৫,০০০/- (পঁচাশি হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১২,০০০/- (বার হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মানিকগঞ্জ ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পটুয়াখালী জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। অবৈধ ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ময়মনসিংহ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি অবৈধ ইটভাটা ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়।






**২১ আগস্ট ২০২৫ খি:** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, ঝিনাইদহ, কুমিল্লা ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৩২ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের মোহাম্মদপুর বসিলা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৭,০০০/- (সাত হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লালমনিরহাট ও জামালপুর জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যেমে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যান্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৪ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী ও ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, সোয়ারীঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ঢাকা মহানগরের চকবাজার, ইমামগঞ্জ, সোয়ারীঘাট এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ১৫০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার কেরানীগঞ্জ এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ২০,০০০/- (বিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কুড়িল বিশ্বরোড এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, নীলফামারী ও ঢাকা জেলার আমিন বাজার এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২১ টি মামলার মাধ্যেমে ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয় ।






**২৫ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক চট্টগ্রাম ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ঢাকা মহানগরের চকবাজার এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ১৪৪১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী ও কয়লার ডিপো দ্বারা বায়ুদূষণ করার দায়ে যশোর, গাজীপুর ও ঢাকা মহানগরের আফতাবনগর ও রামপুরা এলাকায় ০৪টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যেমে ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয় এবং গাজীপুরে ২০ বস্তা কয়লা ও ২০ হর্স পাওয়ারের ০১ টি জেনারেটর জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শেরেবাংলানগর এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৬,০০০/- (ছয় হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিরাজগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যেমে ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরন) বিধিমালা ২০০৮ অনুসারে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যশোর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যেমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**২৬ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ইয়ং জিন ইন্টারন্যাশনাল কোং লিঃ কে ২৩ হাজার ২৪০ টাকা; ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ এন্ড হসপিটাল কে ২১ হাজার ১৭০ টাকা; কেবিসি এগ্রো প্রোডাক্টস প্রাঃ লিঃ কে ৩০ হাজার টাকা; ওয়াকারু বাংলাদেশ লিমিটেড কে ৭৫ হাজার টাকা; কুড়িগ্রাম জেলার আসাদ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১০ হাজার টাকা; কল্যাণ ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; সকিনা মজিদ মেমোরিয়াল হেলথ সেন্টার কে ১৫ হাজার টাকা; কিশোরগঞ্জ জেলার নূর হেলথ সেন্টার কে ২০ হাজার টাকা; দিনাজপুর জেলার নিউরো কেয়ার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার স্কয়ার ফুড এন্ড বেভারেজ লিঃ (ঢাকা ইউনিট) কে ১ লক্ষ টাকা; রংপুর জেলার ফাইজ ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; ভাই ভাই ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; মালেশিয়ান ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; রংপুর মহানগর ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা; নিউ মহানগর হাসপাতাল কে ৩০ হাজার টাকা; এ্যাপোলো ডায়াগনস্টিক এন্ড ইমেজিং সেন্টার লিঃ কে ৩০ হাজার টাকা; রংপুর সিটি হাসপাতাল কে ৫০ হাজার টাকা; এম এইচ ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফরিদপুর ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৯০০/- (নয়শত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ এলাকায় রেকি কার্যক্রম পরিচালনা করা হয় এবং ৪২ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী ও ব্যাটারী কারখানা দ্বারা বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যেমে ২,২০,০০০/- ( দুই লক্ষ বিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশ দেওয়া হয়। এছাড়াও নারায়ণগঞ্জে বায়ুদূষণকারী ইয়াং ইউয়ান কোং লিমিটেড নামক কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করাসহ বৈদ্যুতিক মিটার খুলে কারখানার কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রামপুরা এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ময়মনসিংহ ও যশোর জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যেমে ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





**২৭ আগস্ট ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আল মদিনা ওয়ার্কসপ কে স্থানান্তরের নির্দেশ; ল্যাব কেয়ার ডায়াগনস্টিক এন্ড মেডিকেল সার্ভিসেস কে ২০ হাজার টাকা; জনসেবা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার মেঘনা বেভারেজ লিঃ কে ৭৭ হাজার ৭৬০ টাকা; রূপসী ফুডস লিঃ কে হালনাগাদ তরল বর্জ্যের ফরাফল দাখিলের নির্দেশ; মেঘনা নুডলস এন্ড বিস্কুট ফ্যাক্টরী লিঃ কে ৩১ হাজার ২০০ টাকা; কুড়িগ্রাম জেলার জনতা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; ইয়া-রব ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; এ্যাপোলো ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; রংপুর জেলার প্রেসক্রিপশন পয়েন্ট ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; ফাস্ট কিওর স্পেশালাইজড হসপিটাল এন্ড ট্রমা সেন্টার কে ৫০ হাজার টাকা; আইডিয়াল হেলথ সিটি এন্ড ব্লাড ব্যাংক কে ২০ হাজার টাকা; ইজি কেয়ার ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা; নরসিংদী জেলার মেসার্স হাজী আশরাফ হোসেন সরকার কে ৭০ লক্ষ টাকা; গোপালগঞ্জ জেলার এম এস মেটাল ইন্ডাস্ট্রিজ লিঃ কে ৩২ হাজার ৪০০ টাকা এবং গাইবান্ধা জেলার লাইফবয় ফ্রেন্ডশীপ হাসপাতাল কে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফেনী, রাজবাড়ী, কুড়িগ্রাম, বাগেরহ-াট, মানিকগঞ্জ ও ঢাকা মহানগরের বাবুবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৭,১০০/- (সাতাশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৯১ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক জামালপুর, রাজবাড়ী, কুড়িগ্রাম, মাগুরা, সিরাজগঞ্জ ও চুয়াডাঙ্গা জেলায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যেমে ৩১,৯০০/- (একত্রিশ হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য




২৮ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, পিরোজপুর, মুন্সীগঞ্জ, কুমিল্লা ও ঢাকা মহানগরের দারুস সালাম ও চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ২,৬৬,৫০০/- (দুই লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২৪৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় । শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিরাজগঞ্জ, নীলফামারী, পঞ্চগড়, রাজবাড়ী,শরীয়তপুর ও টাংগাইল জেলায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২১ টি মামলার মাধ্যেমে ২৩,৯০০/- (তেইশ হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী, পুরাতন ব্যাটারী হতে সীসা ও টায়ার পাইরোলাইসিস কারখানা দ্বারা বায়ুদূষণ করার দায়ে চাঁপাইনবাবগঞ্জ, ঢাকা জেলার সাভার ও ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ১,০৭,০০০/- ( এক লক্ষ সাত হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশ দেওয়া হয়। এছাড়াও চাঁপাইনবাবগঞ্জ ও ঢাকা জেলার সাভার এলাকায় বায়ুদূষণকারী ও অবৈধ ০৫টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর এলাকায় অবৈধ কারখানার বিরুদ্ধে ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০৫টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।




বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।





৩১ আগস্ট ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে মানিকগঞ্জ জেলার হার্ডওয়্যার ইন্ডাস্ট্রি (বিডি) লিমিটেড কে ৫ লক্ষ টাকা; টাংগাইল জেলার মেসার্স তালুকদার স মিল কে ১০ হাজার টাকা; মেসার্স মুনিরা স মিল কে ১০ হাজার টাকা; মা ক্লিনিক এন্ড হাসপাতাল কে ৪০ হাজার টাকা; মাগুরা জেলার ভিআইপি ক্লিনিক কে ৩০ হাজার টাকা; রংপুর জেলার অনয় ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; ইমাদ ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; রাজবাড়ী জেলার ভিক্টর ব্রিডার্স লিমিটেড কে ৩৫ হাজার টাকা; বরগুণা জেলার কে এস ফিলিং স্টেশন কে ৫০ হাজার টাকা; শরীয়তপুর জেলার ফাতেমা মেডিকেল সেন্টার কে ৫০ হাজার টাকা; ঢাকা জেলার দি কুমিল্লা শীপ বিল্ডার্স লিঃ কে ৫০ হাজার টাকা; এইচ আর টেক্সটাইল লিঃ কে ২ লক্ষ টাকা; এরিস্টোফার্মা লিমিটেড কে ৪৩ হাজার ৯২০ টাকা; ওরিয়েন্ট স্টিল রি-রোলিং মিলস কে ৮ লক্ষ টাকা; রুপালী ইঞ্জিনিয়ারিং এন্ড রি-রোলিং মিলস কে ৮ লক্ষ টাকা; মেসার্স রাফসান ডাইং লিঃ কে ২ লক্ষ ৮১ হাজার ২৮০ টাকা; মিতা টেক্সটাইল কে৯ হাজার ৩৬০ টাকা; ব্যাবিলন গার্মেন্টস লিঃ কে ১৫ হাজার টাকা এবং আর্ট সাইন (প্রাঃ) লিঃ কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফেনী, সিরাজগঞ্জ, কিশোরগঞ্জ, ঝিনাইদহ নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার ইমামগঞ্জ ও সোয়ারীঘাট এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে ৬২,০০০/- (বাষট্টি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৭৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয় এবং ০৩ টি পলিথিন উৎপাদনকারী কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করে কার্যক্রম বন্ধ করে সিলগালা করে দেওয়া হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ, ফেনী, ঝিনাইদহ, সুনামগঞ্জ ও রাজবাড়ী জেলায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৭ টি মামলার মাধ্যেমে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা মোহাম্মদপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ২০,০০০/- (বিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরন) বিধিমালা ২০০৮ অনুসারে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ফেনী জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী পরিবেশ অধিদপ্তর কর্তৃক গাজীপুর জেলার টঙ্গী এলাকায় পরিবেশগত ছাড়পত্র ও ইটিপিবিহীন অবৈধ কারখানার বিরুদ্ধে ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে অবৈধভাবে পরিচালিত ০৪টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(২), ১৮(২) অনুযায়ী নীরব এলাকায় হর্ণ বাজানোর অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।



বাংলা ট্রিবিউন

কালোধোঁয়া ও নির্মাণ সামগ্রীর দূষণের বিরুদ্ধে দেশব্যাপী একযোগে অভিযান

বাংলা ট্রিবিউন রিপোর্ট

ভ্রাম্যমাণ আদালত অভিযান

রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় বায়ুদূষণ নিয়ন্ত্রণে



Deshkal tv

সারাদেশ

নওগাঁয় শব্দদূষণ বিরোধী মোবাইল কোর্ট: জরিমানা, হাইড্রোলিক হর্ন জব্দ ও ধ্বংস

কামরুল হাসান জীবন, নওগাঁ:

আগস্ট ১১, ২০২৫ ১৪:৫৭



স্বদেশ প্রতিদিন

রাজধানীতে অভিযান চালিয়ে সাড়ে ৫ হাজার কেজি পলিথিন জব্দ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: সোমবার, ৪ আগস্ট, ২০২৫, ৫:১৪ পিএম

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

রাজধানীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৫ হাজার ৫০০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ করা হয়েছে। বিভিন্ন বাহিনীর সহায়তায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উদ্যোগে রাজধানীর চকবাজার, ইমামগঞ্জ



দৈনিক জনকণ্ঠ

চারা রোপণ

নিজস্ব সংবাদদাতা, বান্দরবান

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনু”ছদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়